ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সেপ্টেম্বর/২০২৩ মাসের আন্তঃবিভাগীয় সমন্বয় সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ সেলিম রেজা, প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
তারিখ : ২০ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ ।। ০৪ সেপ্টেম্বর ২০২৩
সময় : সকাল ১১.০০ ঘটিকায়
স্থান : হল রুম ৬ষ্ঠ তলা, নগর ভবন, গুলশান-২, ঢাকা-১২১২।

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট "ক"

১.১ সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, আন্তঃ বিভাগীয় সমন্বয় সভা একটি প্রতিষ্ঠানের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। একটি প্রতিষ্ঠানে বিশেষ করে সিটি কর্পোরেশনের মতো সেবামূলক প্রতিষ্ঠানে বহুমূখী কাজের চাপ থাকে। কাজের চাপে অনেক কাজ অনিস্পন্ন অবস্থায় থাকে কিংবা সময়মত সম্পন্ন করা সম্ভব হয়না। এতে করে জনগণ হয়রানীর শিকার হয়। তিনি বলেন, কর্পোরেশনের প্রতিটি বিভাগ খুবই গুরুত্বপূর্ণ। প্রত্যেক বিভাগের কাজ পর্যালোচনা এবং কাজের গতিশীলতা আনয়নের লক্ষ্যে এ সমন্বয় সভা আয়োজন করা হয়েছে। এ পর্যায়ে তিনি সভায় সূচনা বক্তব্য প্রদান করেন।

১.২ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার বক্তব্য শুরু করেন। তিনি সভা আয়োজনের জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন, সমন্বয় সভা কাজে গতিশীলতা বৃদ্ধি করবে। সভায় সভাপতি উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন, আমরা সবাই জনগণকে সেবা প্রদানের জন্য সরকার কর্তৃক বিভিন্ন দায়িত্বে নিয়োজিত আছি। দায়িত্ব সঠিকভাবে পালন করে জনগণকে সর্বোচ্চ সেবা প্রদান করতে হবে।

২.০ সভার সিদ্ধান্ত:

বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:

<table>
<tr><th>ক্রম</th><th>সিদ্ধান্তসমূহ</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>১.</td><td>যে সমস্ত অফিসার ডেস্কে কাজ করেন তারা নিয়মিত প্রতিদিন ৯.০০ টায় অফিসে প্রবেশ করবেন এবং যে সমস্ত কর্মকর্তা ফিল্ড ভিজিট করবেন তাদের ক্ষেত্রে কর্তৃপক্ষকে অবহিত রেখে ফিল্ড ভিজিট শেষ করে অফিসে আসবেন। ফেস ডিটেকটিভ পদ্ধতিতে এ ধরনের অপশন থাকবে।</td><td>প্রধান প্রকৌশলী, ডিএনসিসি
সিস্টেম এনালিস্ট, ডিএনসিসি</td></tr>
<tr><td>২.</td><td>ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বিভিন্ন দপ্তরের প্রাপ্ত পত্রের সংখ্যা, নিষ্পত্তিকৃত পত্রের সংখ্যা এবং চলমান পত্রের সংখ্যা নিম্নোক্ত ছকের মাধ্যমে উল্লেখ করতে হবে এবং এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
<table>
<tr><th rowspan="2">বিভাগ/ অঞ্চলের নাম</th><th rowspan="2">প্রাপ্ত পত্রের সংখ্যা</th><th colspan="4">কত দিন অনিস্পন্ন</th></tr>
<tr><th>৬ মাসের কম সময়</th><th>৬ মাস</th><th>১ বছর</th><th>২ বছর</th></tr>
<tr><td></td><td></td><td></td><td></td><td></td><td></td></tr>
</table></td><td>বিভাগীয় প্রধান (সকল), ডিএনসিসি</td></tr>
<tr><td>৩.</td><td>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৫ এর জন্য বরাদ্দ মোহাম্মাদপুর কমিউনিটি সেন্টারে আগামী ১লা অক্টোবরের মধ্যে স্থানান্তর করতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, ডিএনসিসি
আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৫, ডিএনসিসি</td></tr>
</table>

ক্রম	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়ন
৪.	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ভান্ডার ও ক্রয় বিভাগ আগামী ১৫ সেপ্টেম্বর তারিখের মধ্যে অঞ্চল-২ (মিরপুর) এর পুরাতন ভবনে স্থানান্তর করতে হবে।	প্রধান প্রকৌশলী, ডিএনসিসি প্রধান ভান্ডার ও ক্রয় কর্মকর্তা, ডিএনসিসি
৫.	কাওরান বাজারের অস্থায়ী ১৮০ জন ব্যবসায়ীকে দ্রুততম সময়ের মধ্যে যাত্রাবাড়ির ডিএনসিসি'র নির্মিত দোকানে স্থানান্তর করতে হবে।	প্রধান প্রকৌশলী, ডিএনসিসি প্রধান রাজস্ব কর্মকর্তা, ডিএনসিসি প্রধান সম্পত্তি কর্মকর্তা, ডিএনসিসি আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৫, ডিএনসিসি
৬.	কাওরান বাজারের স্থানান্তর সংক্রান্ত যাবতীয় কার্যক্রম তদারকির জন্য গাবতলীর নবনির্মিত অফিস ভবনকে Shifting Office হিসেবে ব্যবহার করবেন। উক্ত Shifting Office এ ডিএনসিসির ০১ (এক) জন কর্মকর্তা নিয়োগ করতে হবে।	সচিব, ডিএনসিসি
৭.	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনকে সুস্থ্য, সচল ও আধুনিক শহর হিসেবে গড়ে তোলার জন্য ডিএনসিসি'র নিজস্ব মাস্টার প্ল্যান তৈরি করে নথি উপস্থাপন করতে হবে।	প্রধান প্রকৌশল, ডিএনসিসি প্রধান নগর পরিকল্পনাবিদ, ডিএনসিসি
৮.	ডিএনসিসি'র আওতাধীন বিভিন্ন সড়কের ফুটপাথ/মিডিয়ার পার্ক/খেলার মাঠে পরিবেশ সার্কেল হতে বৃক্ষরোপন কার্যক্রম চলমান থাকায় মাননীয় মেয়র মহোদয়ের নির্দেশনায় সম্মানিত কাউন্সিলরদের ছাদ বাগানের জন্য ফলজ গাছ বিতরনের ব্যবস্থা গ্রহন করা হয় কিন্তু পরবর্তীতে মাননীয় মেয়র মহোদয়ের উপদেষ্টা জনাব ইমরান আহমেদ এর পরামর্শে ফলজ গাছ বিতরন কার্যক্রমটি স্থগিত রাখা হয়েছে।	পরিবেশ, জলবায়ু ও দুর্যোগ ব্যবস্থাপনা সার্কেল, ডিএনসিসি
৯.	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে কতটি মামলা চলমান আছে তার তথ্যগুলোর Database তৈরি করে ৩০ দিনের মধ্যে Software এ Update করে সংরক্ষণ করতে হবে।	আইন কর্মকর্তা, ডিএনসিসি
১০.	প্রতি দুই মাসে একবার (সচিবালয় নির্দেশমালা অনুযায়ী) নিজ শাখা পরিদর্শন করে প্রতিবেদন প্রদান করতে হবে এবং পরিদর্শন শেষে সভার কার্যবিবরণী প্রস্তুত করতে হবে।	বিভাগীয় প্রধান (সকল), ডিএনসিসি অঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ডিএনসিসি
১১.	সবার ঢাকা এ্যাপস ও GRS এর অনিষ্পন্ন কাজ সম্পন্ন করতে হবে। GRS এ আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণকে সংযোক্ত করা হয়েছে। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণকে GRS এ নিয়মিতভাবে অভিযোগ প্রতিকারের ব্যবস্থা করতে হবে। প্রয়োজনে GRS বিষয়ক প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।	সচিব, ডিএনসিসি আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ডিএনসিসি
১২.	ডিএনসিসি'র সার্ভেয়ারগণ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ করে স্থাবর অস্থাবর সম্পত্তি পরিমাপ করবেন।	প্রধান সম্পত্তি কর্মকর্তা, ডিএনসিসি
১৩.	ডিএনসিসি'র ৫৪ টি ওয়ার্ডে বসবাসরত জনগণের জন্মনিবন্ধন ৩৩ টি ওয়ার্ডে স্থানান্তর করা হয়েছে এবং বাকি ২১ টি ওয়ার্ডে স্থানান্তরের কার্যক্রম চলমান রয়েছে। এই বিষয়ে গণমাধ্যমে বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে।	প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ডিএনসিসি জনসংযোগ কর্মকর্তা, ডিএনসিসি
১৪.	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মার্কেটের পরিত্যক্ত ৮ টি ভবন থেকে কোন প্রকার ট্যাক্স আদায় ও ট্রেড লাইসেন্স ইস্যু করা যাবে না এবং উক্ত ৮ টি মার্কেটে গ্যাস বিল ও বিদ্যুৎ বিল প্রদান করা যাবে না। দ্রুততম সময়ের মধ্যে পরিত্যক্ত ভবনগুলো ভেঙ্গে ফেলতে হবে। নিয়জিত বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ দ্রুত এ বিষয়ে ব্যবস্থা নিবেন।	প্রধান রাজস্ব কর্মকর্তা, ডিএনসিসি প্রধান সম্পত্তি কর্মকর্তা, ডিএনসিসি সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, ডিএনসিসি সংশ্লিষ্ট নির্বাহী ম্যাজিস্ট্রেট, ডিএনসিসি

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/৭/২৩

মোঃ সেলিম রেজা
প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
ও
সভাপতি
আন্তঃবিভাগীয় সমন্বয় সভা

নং:৪৬.১০.০০০০.০০৬.০৬.২৬৫.২০২০.৬৭৪ তারিখ: ২৫/০৭/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. বিভাগীয় প্রধান (সকল), ... ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল .... ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। ডিএনসিসি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৪. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. নির্বাহী ম্যাজিস্ট্রেট (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬. সহকারী সচিব, সংস্থাপন-১ ও ২, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে।
৭. অফিস কপি।